

কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক হবে প্রাথমিকেও : প্রধানমন্ত্রী

যাযায়দিন রিপোর্ট

মাধ্যমিকের পর এবার প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ক্ষেত্রেও কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করার ইচ্ছার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক অনুষ্ঠানে তিনি বলেন, মাধ্যমিক পর্যায়ে কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। পর্যায়ক্রমে প্রাথমিক পর্যন্ত কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করা হবে।

তথ্য-প্রযুক্তি খাতের অবকাঠামোগত উন্নয়নের ওপর গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী বলেন, ইন্টারনেট সেবা সহজলভ্য করতে সরকার ইতোমধ্যে ব্যাণ্ডউইডথের নাম কমিয়েছে।

তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ প্রায় করেই ফেলেছেন। আর যতটুকু বাকি আছে, তা সম্পন্ন করে প্রতিটি ছেলেমেয়ে যেন তথ্য-প্রযুক্তি ব্যবহার করতে পারে, সে ব্যবস্থা করে দেবেন। এই অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী প্রতি জেলায় একটি করে মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় অনুদানে স্থাপিত কম্পিউটার ল্যাবরেটরির উদ্বোধন করেন। তিনি বলেন, তারা তরুণ প্রজন্মকে আইসিটি জ্ঞানসমৃদ্ধ

করে তাদের যাকলম্বী করার উদ্যোগ নিয়েছেন। টেলিভিশনের মাধ্যমেও বেকার যুবসমাজ অর্থ উপার্জন করছেন। এ জন্য তথ্য-প্রযুক্তির পাশাপাশি বিভিন্ন দেশের জাতি শিক্ষার ওপরও গুরুত্ব আরোপ করেন প্রধানমন্ত্রী।

তিনি বলেন, ছেলেমেয়েরা মেধাবী। তাদের জন্য শুধু সুযোগ সৃষ্টি করতে হবে, তাদের উৎসাহীত করতে হবে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী মোস্তফা ফারুক মোহাম্মদের সভাপতিত্বে অন্যদের মধ্যে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিব নজরুল ইসলাম খান, বরিশালের জেলা প্রশাসক শহীদুল আলম এবং ডেমরার শামসুল হক স্কুল ও কলেজের ছাত্র প্রতিনিধি ছাত্রী আনাতুল নাওয়া চৌধুরী অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শেষ ভাগে ভারতের রত্নদূত পঙ্কজ সরণ প্রধানমন্ত্রীর হাতে কম্পিউটার ল্যাবরেটরির একটি মডেল তুলে দেন। পরে প্রধানমন্ত্রী সেটি ডেমরার শামসুল হক স্কুল ও কলেজের অধ্যক্ষ এবং ২ ছাত্র-ছাত্রীর হাতে তুলে দেন।

ছেলেমেয়েরা মেধাবী। তাদের জন্য শুধু সুযোগ সৃষ্টি করতে হবে।